**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

বাংলাদেশ শিশু একাডেমি

প্রধান কার্যালয়

দোয়েল চত্বর সড়ক, শাহবাগ, ঢাকা-১০০০

www.shishuacademy.gov.bd

স্মারক নং- ৩২.০৩.০০০০.১০০.১১.০০১.১৮-৫০১১ তারিখ: ২৫.০৫.২০২৫ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ শিশু একাডেমির নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত স্থায়ী ও অস্থায়ী ৫০টি শূণ্য পদ পূরণের নিমিত্ত বাংলাদেশের সকল জেলার প্রকৃত নাগরিকদের নিকট থেকে অনলাইনে নিম্নবর্ণিত শর্তে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

| ক্র.নং. | পদের নাম | সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | হিসাব রক্ষণ অফিসার | স্থায়ী: ১ (এক)টি | স্কেল-২২০০০-৫৩০৬০/- গ্রেড-৯ম | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞানে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ২. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা | স্থায়ী: ১১ (এগার)টি<br>অস্থায়ী: ২ (দুই)টি | স্কেল-২২০০০-৫৩০৬০/- গ্রেড-৯ম | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ৩. | হিসাব রক্ষক | স্থায়ী: ১ (এক)টি | স্কেল-১১৩০০-২৭৩০০/- গ্রেড-১২তম | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ৪. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | স্থায়ী: ১ (এক)টি | স্কেল-১১০০০-২৬৫৯০/- গ্রেড-১৩তম | (ক) শর্টহ্যান্ডে প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ ও বাংলায় ৩০ শব্দ, টাইপিং-এ প্রতি মিনিটে সর্বনিম্ন ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দের গতি এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি। |
| ৫. | উচ্চমান সহকারী | স্থায়ী: ১ (এক)টি | স্কেল-১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪তম | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি। |
| ৬. | লাইব্রেরিয়ান-কাম-মিউজিয়াম কিপার | স্থায়ী: ৮ (আট)টি<br>অস্থায়ী: ৯ (নয়)টি | স্কেল-১০২০০-২৪৬৮০/- গ্রেড-১৪তম | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক ডিগ্রি অথবা কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট-সহ কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ৭. | প্রজেক্টর অপারেটর | স্থায়ী: ১ (এক)টি | স্কেল-৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫তম | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেটসহ প্রজেক্টর চালানোর কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা; এবং<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। |
| ৮. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | স্থায়ী: ৮ (আট)টি | স্কেল-৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬তম | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯. | ডাটা এন্ট্রি অপারেটর | অস্থায়ী:<br>৫ (পাঁচ)টি | স্কেল-৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬তম | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) কম্পিউটার চালনার দক্ষতাসহ কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ নিম্নরূপ সর্বনিম্ন গতি থাকতে হবে।<br>(অ) বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ;<br>(আ) ইংরেজি : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |
| ১০. | ইলেকট্রিশিয়ান | স্থায়ী:<br>১ (এক)টি | স্কেল-৯৩০০-২২৪৯০/-<br>গ্রেড-১৬তম | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট; এবং<br>(খ) বৈধ লাইসেন্স-সহ ইলেকট্রিক কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১১. | বুক বেয়ারার | স্থায়ী:<br>১ (এক)টি | স্কেল-৮৫০০-২০৫৭০/-<br>গ্রেড-১৯তম | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট। |

**আবেদনের শর্ত ও নির্দেশনাবলীঃ**

১। আগ্রহী প্রার্থীগণ http://shishuacademy.teletalk.com.bd ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক Online এ আবেদন করতে পারবেন। সরাসরি/ডাকযোগে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। সরাসরি/ডাকযোগে প্রেরিত সকল আবেদনপত্র বাতিল মর্মে গণ্য হবে।

২। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান/কোটা পদ্ধতি এবং এ সংক্রান্ত কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৩। কোটায় যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট কোটার শূণ্য পদসমূহ সাধারণ মেধা তালিকা হতে পূরণ করা হবে। কোটাধারী প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট ডকুমেন্ট আপলোড করতে হবে।

৪। প্রার্থীর বয়সসীমা ২৬.০৫.২০২৫ খ্রি. তারিখে অবশ্যই সর্বনিম্ন ১৮(আঠার) ও সর্বোচ্চ ৩২(বত্রিশ) বছর হতে হবে।

৫। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রর্থীগণকে সরকারি বিধি বিধান অনুসরণ পূর্বক (নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (NOC) এর মূলকপি বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে।

৬। সাক্ষাৎকার গ্রহণের সময় প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন, চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত), সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা প্রশাসক/পৌরসভার প্রশাসক/সিটি কর্পোরেশনের মেয়র অথবা প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র-সহ সংশ্লিষ্ট সকল ডকুমেন্ট/সনদপত্রের মূল কপি এবং এক সেট ফটোকপি (সত্যায়িত) দাখিল করতে হবে। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র পরবর্তীতে দাখিল করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

৭। প্রার্থী কর্তৃক প্রদত্ত যেকোন তথ্য গোপন, অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা যেকোন প্রকারের প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরেও যেকোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

৯। আবেদনের সময়সীমা ও নিয়মাবলী/ শর্তাবলী নিম্নরূপঃ
(ক) Online -এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ২৬.০৫.২০২৫ খ্রিঃ. সকাল ১০.০০ ঘটিকা হতে।
(খ) Online -এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় ২৫.০৬.২০২৫ খ্রিঃ. বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত।
(গ) উক্ত সময় সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণকে Online -এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে হবে।

১০। Online আবেদনপত্রে প্রার্থীকে তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) Pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100 kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 kb এর মধ্যে হতে হবে।

১১। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১২। নির্ধারিত সময়ের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সফটওয়্যার কর্তৃক গৃহীত হবে না।

১৩। প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

১৪। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ**

Online আবেদন পত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং পরবর্তীতে User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি এসএমএস করে ক্রমিক নং-০১ থেকে ০২ এ উল্লিখিত পদের জন্য ২২৩/- (দুইশত তেইশ) টাকা সার্ভিস চার্জসহ, ক্রমিক নং-০৩ এ উল্লিখিত পদের জন্য ১৬৮/- (একশত আটষট্টি) টাকা সার্ভিস চার্জসহ, ক্রমিক নং-০৪ থেকে ১০ এ উল্লিখিত পদের জন্য ১১২/- (একশত বারো) টাকা সার্ভিস চার্জসহ এবং ক্রমিক নং-১১ এ উল্লিখিত পদের জন্য ৫৬/- (ছাপ্পান্ন) টাকা সার্ভিস চার্জসহ (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইন আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online -এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**১ম এসএমএসঃ** SHISHUACADEMY<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: SHISHUACADEMY ABCDEF

Reply sms: Applicant's name ……… Tk.112 ……… will be charged as Applicantion fee. Your PIN is XXXXXX. To pay fee type SHISHUACADEMY<space>Yes<space>PIN and send to 16222

**২য় এসএমএসঃ** SHISHUACADEMY<space>YES PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: SHISHUACADEMY YES XXXXXX

Reply sms: Congratulations Applicant's name, Payment completed successfully for SHISHUACADEMY for application for xxxxxxxx User ID is (ABCDEF) and password (XXXXXX)

১৫। প্রবেশ পত্র প্রাপ্তির বিষয়টি http://shishuacademy.teletalk.com.bd অথবা www.shishuacademy.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

১৬। পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাদি যথাসময়ে ই-মেইল, সিস্টেম ও এস এম এস (SMS)-এর মাধ্যমে জানানো হবে।

১৭। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময় অবশ্যই প্রদর্শন করবেন।

১৮। শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(ক) User ID জানা থাকলেঃ SHISHUACADEMY<space>Help<space>User<space>User ID and send to 16222

Exmple: SHISHUACADEMY Help User ABCDEF

(খ) PIN No. জানা থাকলেঃ SHISHUACADEMY<space>Help<space>PIN<space>PIN No. and send to 16222

Exmple: SHISHUACADEMY Help PIN 12345678

১৯। Online -এ আবেদন করতে কোন সমস্যা হলে alljobs.query@teletalk.com.bd অথবা টেলিটক নম্বর থেকে 121 নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/alljobsTeletalk প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject -এ Organization Name: SHISHUACADEMY, Post Name, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

২০। এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে) এবং প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য বাংলাদেশ শিশু একাডেমি এর নোটিশ বোর্ডের মাধ্যমে অথবা ওয়েবসাইট www.shishuacademy.gov.bd অথবা http://shishuacademy.teletalk.com.bd এ জানা যাবে।

২১। প্রাথমিক ভাবে যাচাই-বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজ পত্র সমূহের

মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ) কর্তৃক সম্পাদিত হতে হবে।

২২। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজনীয় কাগজপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ পত্র/সাময়িক সনদ পত্র/প্রত্যয়ন পত্র/অনুমতি পত্র।

(খ) জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করতঃ) নাগরিকত্ব সনদ।

(গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ।

(ঘ) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

(ঙ) সরকারের বিদ্যমান বিধি-বিধান/কোটা পদ্ধতি অনুযায়ী প্রার্থীগণের প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে।

(চ) ডাউনলোডকৃত Applicant's Copy এবং Admit Card এর রঙ্গিন প্রিন্ট কপি।

২৩। প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৪। কর্তৃপক্ষ কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো সময় এই নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করে।

২৫। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২৬। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য বাংলাদেশ শিশু একাডেমির নোটিশ বোর্ড ও ওয়েবসাইট www.shishuacademy.gov.bd অথবা http://shishuacademy.teletalk.com.bd এ পাওয়া যাবে। এছাড়া QR Code Scan এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল alljobs.teletalk.com.bd/bsa ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

২৭। শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত অন্যান্য বিধি-বিধান প্রযোজ্য হবে।

২৮। ডিক্লারেশনঃ প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।


দিলারা বেগম
মহাপরিচালক
বাংলাদেশ শিশু একাডেমি
ই-মেইল: dgbsa22@gmail.com
ফোন: +৮৮০২২২৩৩৮৯০৬১